

স্মারক নং ৩৪.০২.৪০৪৭.০৩৩.২৮.০০৮.২৪- ০৪

২১ পৌষ ১৪৩১
তারিখ : _____
০৫ জানুয়ারি ২০২৫

বিষয় : বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় খুলনা জেলায় অ্যাথলেটিক্স ও গ্রামীণ প্রতিযোগিতা আয়োজন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় খুলনা জেলা ক্রীড়া অফিসের আয়োজনে খুলনা জেলার মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসার/ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে আগামী ১১ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ০৯.০০ মি: থেকে দিনব্যাপী অ্যাথলেটিক্স প্রতিযোগিতা ও ক্রীড়া উৎসব অনুষ্ঠিত হবে।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের প্রতিযোগী এবং প্রতিযোগিনীদের নামের তালিকা আগামী ১১ জানুয়ারি ২৫ তারিখের মধ্যে (প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত) খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স মাঠে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	বিভাগ	বিষয়
০১	বালক (ক) ৯ম ও ১০ম শ্রেণি ১৭ বছরের নিচে হতে হবে	(ক) ১০০ মি: দৌড় (খ) ২০০ মি: দৌড় (গ) ৪০০ মি: দৌড় (ঘ) দীর্ঘ লাফ (ঙ) লৌহ গোলক নিক্ষেপ (চ) চাকতি নিক্ষেপ।
০২	বালক (খ) ৮ম শ্রেণি পর্যন্ত (১৪ বছর, ৫ফুট ৩ ইঞ্চির নিচে হতে হবে)	(ক) ১০০ মি: দৌড় (খ) ২০০ মি: দৌড় (গ) দীর্ঘ লাফ (ঘ) উচ্চ লাফ (ঙ) লৌহ গোলক নিক্ষেপ (চ) চাকতি নিক্ষেপ।
০৩	বালিকা (ক) ৯ম ও ১০ম শ্রেণি	(ক) ১০০ মি: দৌড় (খ) ২০০ মি: দৌড় (গ) দীর্ঘ লাফ (ঘ) লৌহ গোলক নিক্ষেপ (ঙ) চাকতি নিক্ষেপ।
০৪	বালিকা (খ) ৮ম শ্রেণি পর্যন্ত (১৪ বছর, ৫ফুটের নিচে হতে হবে)	(ক) ১০০ মি: দৌড় (খ) ২০০ মি: দৌড় (গ) দীর্ঘ লাফ (ঘ) লৌহ গোলক নিক্ষেপ (ঙ) চাকতি নিক্ষেপ।
০৫	বালক (ক) (গ্রামীণ খেলা)	বস্তা দৌড় (প্রতিযোগীদের বস্তা আনতে হবে)
০৬	বালক (খ) (গ্রামীণ খেলা)	মোরগ লড়াই
০৭	বালিকা (ক ও খ) (গ্রামীণ খেলা)	দড়িলাফ (বেত চলবে না)

প্রতিযোগিতার নিয়মাবলী :

- ০১। প্রতিযোগিতার স্থান : খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স মাঠ, খুলনা।
- ০২। তারিখ ১১ জানুয়ারি ২০২৫ খ্রি: সময় : সকাল: ৯.০০ মি:
- ০৩। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০৩-টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।
- ০৪। প্রতি বিদ্যালয় থেকে প্রতি ইভেন্টে ০২-জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে।
- ০৫। খেলোয়াড়ী পোশাক ব্যতীত কোন প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। (জিপপ্যান্ট চলবে না)
- ০৬। অংশগ্রহণকারীদের সকাল ০৯.০০ টার মধ্যে খেলোয়াড়ী পোশাক পরিহিত অবস্থায় মাঠে উপস্থিত হতে হবে।
- ০৭। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক নামের তালিকা প্রদান করতে হবে।
- ০৮। বয়স প্রমানের জন্য জন্ম নিবন্ধনের অনলাইন এবং টর্টলিস্ট কপি সংগে আনতে হবে।

তৃণমূল পর্যায়ে খেলাধুলার প্রসার, ক্রীড়া প্রতিভার বিকাশ, উন্নয়ন ও অন্বেষণ কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে প্রতিযোগীদের অংশগ্রহণ নিশ্চিত করাসহ আপনার অব্যাহত সহযোগিতা কামনা করছি।

প্রাপক,
অধ্যক্ষ/ সুপার / প্রধান শিক্ষক,

.....খুলনা



০৫/০১/২০২৫
মো: বকতিয়ার রহমান গাজী
জেলা ক্রীড়া অফিসার
খুলনা
ফোন: ০২৪-৭৮৮৪৪৪৫৯
মোবা: ০১৭২৫০০০০১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ০৪। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার সদর ও খানজাহান আলী, খুলনা।
- ০৫। সদস্য সচিব, জেলা ক্রীড়া সংস্থা, খুলনা।
- ৬০। অফিস নথি।